

প্রশ্নঃ ৬৬৩. আমরা জানি যে, চার রাকাত বিশিষ্ট ফরজ নামাজের প্রথম দুই রাকাতে সূরা ফাতিহা সাথে সূরা মিলাইতে হয়। বাকি দুই রাকাতে সূরা মিলাতে হয়না। শুধু সূরা ফাতিহাই যথেষ্ট। এখন কেউ যদি ৪ রাকাত বিশিষ্ট ফরজ নামাজের শেষ দুই রাকাতে ফাতিহা সাথে অন্য কোন সূরা মিলায় তাহলে তার নামাজ হবে কিনা? আর এই দুই রাকাতে যে অন্য কোন সূরা মিলাতে হয়না তার দলীল কি? জানতে চাই..

ফরয নামাযের ৩য়, ৪র্থ রাকাতে সূরা মিলালে নামায নষ্ট হবে না এবং সাহু সিজদাও ওয়াজিব হবে না। তবে ফরয নামাযের শেষ দুই রাকাতে শুধু সূরা ফাতিহা পড়াই সুন্নত। ইচ্ছাকৃত ফরযের শেষ দুই রাকাতে সূরা মিলানো সুন্নত পরিপষ্ট।
বাহরুর রায়েক:১/৩২৬

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

